



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭



স্মারক নং-৫৭.১৭.০০০০.২০০.৩২.০০১.১৮-৪৭

তারিখঃ ১৬ আগস্ট, ২০১৮খ্রি.

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহে ৩য় পর্বে শূন্য আসনে ভর্তি নিমিত্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল। অনেক প্রতিষ্ঠান সিডি আকারে সফট কপি ও হার্ড কপি ডিডি/প্রে-অর্ডার সহকারে অত্র দপ্তরে প্রেরণ করেছেন, অনেক প্রতিষ্ঠান অন-লাইনে আবেদন করেছেন কিন্তু এখনও ডিডি/প্রে-অর্ডার অত্র দপ্তরে প্রেরণ করেননি।

বেসরকারী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠান প্রধানকে এ মর্মে জানানো যাচ্ছে যে, আগামী ২৬/০৮/২০১৮ ইং তারিখ হতে ২৮/০৮/২০১৮ ইং তারিখ পর্যন্ত ভর্তির আবেদনের তথ্য অন-লাইনে আপলোড করার জন্য সার্ভার খোলা থাকবে। যারা সিডি আকারে সফট কপি ও হার্ড কপি প্রেরণ করেছেন, তারা সহ সকল প্রতিষ্ঠানকে অন-লাইনে তথ্য আপলোড করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৯/০৮/২০১৮ ইং তারিখ হতে ৩০/০৮/২০১৮ ইং তারিখের মধ্যে সকল প্রতিষ্ঠানের হার্ড কপিসহ শিক্ষার্থী প্রতি আবেদন ফি ১০০/- (একশত টাকা) করে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর ডিডি/প্রে-অর্ডার জমা প্রদান করতে হবে।

(মোঃ আঞ্জারউজ্জামান)

পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

বরাবর

অধ্যক্ষ

বেসরকারী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠান।